

ছাত্রদল ঢা.বি কমিটিতে ঠাই না পাওয়া নেতাকর্মীরা হতাশ, ক্ষুব্ধ

৫ জনের পদত্যাগ □ অনেকেই বলছেন ত্যাগীদের মূল্যায়ন হয়নি

কাজী সাইফুদ্দিন অভি : ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার পূর্ণাঙ্গ কমিটি ঘোষণার পর সংগঠনের মাঠ পর্যায়ের নেতাকর্মীদের মধ্যে উদ্বেগ-অসন্তোষ ও কোভের সৃষ্টি হয়েছে। ত্যাপী ও অপেক্ষাকৃত যোগ্য নেতাকর্মীদের কমিটি গঠনে সর্বিক মূল্যায়ন করা হয়নি। এই অভিযোগে গতকাল পর্যন্ত কমপক্ষে পাঁচজন ছাত্রদল নেতা কমিটি থেকে পদত্যাগ করেছেন।

এদিকে কমিটি গঠনে অসন্তোষের ছেয় ধরে গতকাল ক্যাম্পাসে কয়েকটি বিচ্ছিন্ন ঘটনা ঘটে। ছাত্রদলের ক্যাডাররা পৃথক দুটি ঘটনায় দুজন সদস্যকে মারধর করে। এছাড়া কমিটিতে স্থান না পাওয়া বিদ্রোহী গ্রুপের ক্যাডাররা দুপুরে কেন্দ্রীয় সাইক্লের পাশের রাস্তায় একটি ককটেলের বিস্ফোরণ ঘটায় বলে জানা গেছে।

নতুন কমিটিতে ছাত্রদলের সভাপতি সাহাবুদ্দিন লাস্ট্টি গ্রুপের একক প্রাধান্য থাকায় মাঠ পর্যায়ের নেতাকর্মীরা হতাশ ও ক্ষুব্ধ। নিজের অঞ্চল ও নিজ গ্রুপের সদস্যদের আনুকূল্য দেখাতে গিয়ে ছাত্রদলের শীর্ষ নেতারা অনেক অভিযোগ ও অসন্তোষের ও কমিটিতে নিয়ে এসেছেন। তাছাড়া কমিটিতে সিনিয়র জুনিয়র বিষয়টিও উপেক্ষিত হয়েছে। অনেক সিনিয়রকে সদস্য এবং সিনিয়রকে সম্পাদক করা হয়েছে। বিএনপি বিরোধী দলে থাকা প্রবণতায় তারা সক্রিয়ভাবে রাজনীতি করেছেন তাদের যোগ্যতার

সঠিক মূল্যায়ন কেন্দ্রীয় কমিটিতে দেখা যায়নি। যারা এতোদিন আগের ছিলেন বিশ্ববিদ্যালয় কমিটিতে তাদের যোগ্যতার মূল্যায়ন হলে তারা কমিটি ঘোষণার পর হতাশ হয়েছেন।

ছাত্রদল কেন্দ্রীয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয় হল কমিটি ঘোষণার পর কমিটিতে স্থান না পেয়ে অনেকে চূপ ছিলেন বিশ্ববিদ্যালয় কমিটিতে তাদের সঠিক মূল্যায়ন হবে ভেবে। কিন্তু সর্বশেষ গত রোববার রাতে বিশ্ববিদ্যালয় কমিটি ঘোষণার পর দেখা যায় তাদের অনেকেই কমিটিতে কোনো পদ দেওয়া হয়নি। যারা পদ পাননি তারা গতকাল ক্যাম্পাসে মহড়া দিয়েছেন। কমিটিতে বরিশাল অঞ্চলের বেশি প্রাধান্য দেখা গেছে। একমাত্র পটুয়াখালী জেলার গলাচিপা থানার ১৭ জন নতুন কমিটিতে পদ পেয়েছেন বলে জানা গেছে। নতুন কমিটিতে ছাত্র শিবিরের রাজনীতির সঙ্গে পরোক্ষভাবে জড়িত এরকম কমপক্ষে ২০ জনকে পদ দেওয়া হয়েছে।

কমিটি গঠনের ক্ষেত্রে সঠিক মূল্যায়ন না হওয়ায় তারা পদত্যাগপত্র জমা দিয়েছেন তারা হলেন- সহ-আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক সাদিউল কবির মীরব, সহআইন সম্পাদক মোহেল, সদস্য আবদুল গাফফার, কুতুবুদ্দিন এবং নজরুল ইসলাম। এ ছাড়া আরো ৫/৬ জন আত্মকালের মধ্যে পদত্যাগপত্র জমা দিয়ে পাসের বলে জানা গেছে।

● গ্রুপ: পৃষ্ঠা ১১ তম

ছাত্রদল ঢা.বি কমিটিতে ঠাই না

● শেষের পাতার পর

এ ব্যাপারে ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি আমিরুল ইসলাম খান আলিম জানিয়েছেন, বিএনপির হাইকমান্ডের সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে শ্রান্ত পদত্যাগপত্র গ্রহণ করবো কি করবো না। আলোচনা করার পরেই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। নতুন কমিটি প্রসঙ্গে তিনি জানান, ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি, সাধারণ সম্পাদক দলকে গতিশীল করার জন্য যে কমিটি দিয়েছেন আশু করি তারা আমাদের অর্থাৎ ছাত্রদলের চাওয়া-পাওয়া পূরণ করতে পারবে।

কমিটি ঘোষণার পরদিন গতকাল দুপুরে মধুর ক্যাফিনে ছাত্রদলের লাস্ট্টি গ্রুপের ক্যাডাররা বিশ্ববিদ্যালয় কমিটিতে স্থান না পাওয়া ছাত্রদলের একজন সদস্যকে মারধর করেছে। এ ছাড়া দুপুরে বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় সাইক্লের সামনে ছাত্রদলের কয়েকজন ক্যাডার জসীমউদ্দীন হুদা ছাত্রদলের কর্মী আবু সাইদকে মারধর করেছে। তবে তাকে কি কারণে মারধর করা হয়েছে তা জানা যায়নি।

অপর এক ঘটনায় গত রোববার রাতে এসএম হল ছাত্রদল ক্যাডার নিগারের নেতৃত্বে কয়েকজন ক্যাডার একই হলের সাধারণ ছাত্র নাসিরকে বেধড়ক মারধোর করেছে। জানা গেছে, গিয়াস ও তার কয়েকজন বন্ধু মিলে গেমস রুমে খেলছিল। এ সময় নাসির সেখানে দরজা খুলে প্রবেশ করে। নাসির দরজা খোলা রেখেই বের হয়ে আসার অপরাধে তারা নাসিরকে প্রথম গেমস রুমে এবং পরে তার হলকক্ষে নিয়ে মারধর করে।